

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-২৪৭-আইন/২০২৩।—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (President's Order No. 130 of 1972) এর Article 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার People's Republic of Bangladesh Flag Rules, 1972 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 7 এর paragraph XII এর পরিবর্তে নিম্নরূপ paragraph XII প্রতিস্থাপিত হইবে, যথা:—

“XII. The flags when flown at half-mast shall first be hoisted to the peak of the flagpole for an instant and then fixed by lowering it down equal to the length of one-fourth of the flagpole. The flag shall again be raised to the peak before it is lowered for the day.

Example-1: If the flagpole is 24 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 6 feet.

Example-2: If the flagpole is 28 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 7 feet.”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চামুগাং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৬৪১)

মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং-২৪৭/আইন ২০২৩:- বাংলাদেশ জাতীয় সংসদ, পতাকা ও প্রতীক আদেশ ১৯৭২ (রাষ্ট্রপ্রতির আদেশ নং -১৩০/১৯৭২) এর অনুচ্ছেদ ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পতাকা বিধিমালা-১৯৭২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালা এর বিধি ৭ এর অনুচ্ছেদ XII এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ XII প্রতিস্থাপিত হইবে, যথা:-

“XII. জাতীয় পতাকা অর্ধনমনের ক্ষেত্রে পতাকা প্রাথমিকভাবে পতাকাদন্ডের চূড়ায় তুলতে হবে এবং তাৎক্ষণিকভাবে পতাকাদন্ডের এক-চতুর্থাংশের সমান দৈর্ঘ্য বরাবর নিচে নামাতে হবে। দিনের শেষে অবনমনের ক্ষেত্রে পতাকা পুনরায় পতাকাদন্ডের চূড়ায় উঠিয়ে তারপর নামাতে হবে।

উদাহরণ -১: পতাকাদন্ডের দৈর্ঘ্য যদি ২৪ ফুট হয় তাহলে পতাকাদন্ডের শীর্ষ এবং পতাকার শীর্ষের মধ্যবর্তী দূরত্ব হবে ৬ ফুট।

উদাহরণ-২ : পতাকাদন্ডের দৈর্ঘ্য যদি ২৮ ফুট হয় তাহলে পতাকাদন্ডের শীর্ষ এবং পতাকার শীর্ষের মধ্যবর্তী দূরত্ব হবে ৭ ফুট।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপ্রতির আদেশক্রমে
মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব।

পতাকা অর্ধনমিত রাখার নতুন নিয়ম

পতাকা দণ্ডের দৈর্ঘ্য = ১৬ ফুট

পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্ট

পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্ট
(১৬ ফুট)

৪ ফুট

৪ ফুট

৪ ফুট

পতাকা উত্তোলনের সময়ে প্রথমে পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্টে উঠিয়ে পতাকা দণ্ডের ৪ ভাগের ১ ভাগ (১/৪ অংশ) নিচে নামিয়ে স্থির করে বেঁধে দিতে হবে। পতাকা নামানোর সময়ে একইভাবে পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্টে উঠিয়ে তারপরে নিচে নামাতে হবে।

পতাকা অর্ধনমিত রাখার পুরাতন নিয়ম

পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্ট

পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্ট
(১৬ ফুট)

পতাকা উত্তোলনের সময়ে প্রথমে পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্টে উঠিয়ে পতাকা প্রস্থের সমান দৈর্ঘ্য পরিমাণ নিচে নামিয়ে স্থির করে বেঁধে দিতে হবে। পতাকা নামানোর সময়ে একইভাবে পতাকা দণ্ডের সর্বোচ্চ পয়েন্টে উঠিয়ে পতাকা নামাতে হবে।

প্রস্থ

